আজকের কাগজ

তারিখ 20 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 6

124

# রাজবাড়ীতে প্রাথমিক শিক্ষা ব্যাহত

রাজবাড়ী জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চরম সংকটের সম্মুখীন। বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট ছাড়াও অভিভাবকদের আর্থিক দৈন্যতার কারণে শিশু সন্তানকে অর্থ উপার্জনের কাজে ব্যবহার করায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলায় মোট ২৬১টি সরকারি ও ৫৮টি রেজিস্ট্রেশনকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সদর থানায় ৭৭টি সরকারি ও রেজিস্ট্রেশনকৃত ১৮টি, পাংশা থানায় ৯৬টি সরকারি ও ২২টি রেজিস্ট্রেশনকৃত, বালিয়াকান্দিতে ৫৮টি সরকারি ও ১১টি রেজিস্ট্রেশনকৃত এবং গোয়ালন্দ থানায় ৩০টি সরকারি ও ৭টি রেজিস্ট্রেশনকৃত প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

জেলার ৪টি থানায় ২৬১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩২ জন প্রধান শিক্ষক এবং ২৮ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে রাজবাড়ীতে ১০ জন, পাংশায় ১৮ জন, গোয়ালন্দে ১ জন ও বালিয়াকান্দিতে ৩ জন প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। বিদ্যালয়গুলোতে সহকারী শিক্ষকের তুলনায় প্রধান শিক্ষকের পদ বেশি শূন্য রয়েছে।

উল্লেখ্য, বর্তমান সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার আওতায় রাজবাড়ী সদর থানায় অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু এ থানার বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। রাজবাড়ী জেলা শহরের কেন্দ্রস্থলে অবস্থিত টাউন মক্তব ও শহীদ স্মৃতি স্টেডিয়াম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় মারাত্মক সমস্যার সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার স্বার্থে রাজবাড়ী সদর থানার আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকের শূন্য পদ জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। নইলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার লক্ষ্য ব্যাহত হবে। রাজবাড়ী থেকে খান মোঃ জহুরুল হক।